দৈনিক ইনকিলাব

11

তারিখ ... 12 APR 1998 ... ...
পৃষ্ঠা ৩ কলাম 2

# রাজশাহী ভার্সিটিতে অনার্সে ভর্তি ফরম বিক্রি করে ৮১ লাখ টাকা আয়

**কামরুজ্জামান কোরবান ঃ** রাজশাহী বিশ্ববিদ্যালয় এবার ১৯৯৭-৯৮ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ অনার্সের ফরম বিক্রি করে প্রায় পৌনে ৮১ লাখ টাকা আয় করেছে। ৩৭টি বিভাগের ৩১২৫টি আসনে ভর্তির আবেদনপত্র বিক্রি হয়েছে ১ লাখ ৭ হাজার ৬৮১টি। প্রতিটি আসনের জন্য গড়ে প্রার্থী সাড়ে ৩৪ জন।

বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদভুক্ত বিভাগগুলোতে ফরম বিক্রি হয়েছে ১৯৫৪৫টি, বিজ্ঞান অনুষদে ২৮৫৮৮টি, সামাজিক বিজ্ঞানে ২১২৪৭টি, জীব ও ভূ-বিজ্ঞান অনুষদে ৩২৭১২টি, বিজনেস স্টাডিজ অনুষদে ১৮০১৭টি, আইনে ৭০৪৪টি এবং শিল্পী ও খেলোয়াড় কোটায় ১৫২৮টি। এবারো আনুপাতিক হারে সর্বাধিক ফরম বিক্রি হয়েছে আইন বিভাগে। এই ভর্তি ফরম বিক্রি করে বিশ্ববিদ্যালয় ৮০ লাখ ৭৬ হাজার ৭৫ টাকা আয় করেছে। এই টাকা ভর্তিচ্ছু ছাত্রদের ভর্তি পরীক্ষার খাতা সরবরাহ, প্রশ্নপত্র প্রণয়ন, পরীক্ষা গ্রহণ, অনুবাদকরণ, খাতায় মার্কিংকরণসহ ভর্তি সংক্রান্ত কাজেই শুধুমাত্র ব্যয় করা হবে। এবারই প্রথমবারের মত শিল্পী ও খেলোয়াড় কোটায় আলাদা ফরম বিক্রি হয়েছে। ভর্তি পরীক্ষা আগামী ১৫ এপ্রিল হতে ৩০ এপ্রিল পর্যন্ত অনুষ্ঠিত হবে।